

ড্যাফল ওডোরা

সীমা ব্যানার্জী

বরফেতে ঢেকে আছে সারা পথ
ডাল থেকে ঝুলে আছে
জিগজ্যাগ কত কৌশল
স্তর্কাতা মিলেমিশে অজন্ম হয়ে
ওতপ্রোত মিশে গেছে
রঙীন হদয়ে।

মৃদুভাষিষ্ণী ড্যাফলে ওডোরার সংজ্ঞাই ছিল

যৌবন সংহতি — প্রেম নয়।
বসন্ত উদ্যানে ঠাই হবে কিনা

তাই প্রত্যয় ।

অনৰ্থ ন্যূনের কলরব
পূর্ণ থেকে উড়ে যাবে শূন্যতার তারে
নিছকসম্পর্ক শূন্য করে
পুরোনো ল্যান্টার্ন সেজে

হদয়ে হদয়ে ।

(ট্রান্স)